## ২০২২-২০২৩ আর্থিক সালে উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, গজারিয়া, মুন্সীগঞ্জ ।
সভার তারিখ ও সময়ঃ ০৭/০৯/২০২২খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত**

০৭/০৯/২০২২খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষে অত্র উপজেলায় ২০২২-২০২৩ আর্থিক সালে অভ্যন্তরীণ জলাভূমি এবং বর্ষা প্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তির নিমিত্ত উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটির সভার অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জনাব জিয়াউল ইসলাম চৌধুরী।

সভাপতি মহোদয় প্রথমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি কমিটির সদস্য সচিব ও উপজেলা মৎস্য অফিসারকে সভার আলোচ্য বিষয়সমূহ নিয়ে আলোচনা করতে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য সচিব মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকার পত্র নং ৩৩.০২.০০০০.১১৭.০৪.০২২.২২.১০৮৯, তারিখ ১৮/০৮/২০২২ খ্রি. সংখ্যক পত্র খানা সভায় পাঠ করে শোনান এবং জানান যে, পত্রে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং মপ্রাম/ম-৩ (পোনা অবমুক্ত)-০৫/২০১০/২০১৪, তারিখঃ ১২/০২/২০১৩ খ্রিঃ মোতাবেক পোনা মাছ অবমুক্তি কার্যক্রম গ্রহণের নির্দেশনা রয়েছে। নির্দেশনা বাস্তবায়নে সরকারি খামারে পোনা না পাওয়া সাপেক্ষে স্থানীয়ভাবে পোনা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সদস্য সচিব সভায় অভ্যন্তরীণ জলাভূমি/বর্ষা প্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়/ নদীর খসড়া তালিকা উপস্থাপন করেন । সকল সদস্যের সম্মতিতে ফুলদী নদী ও মেঘনা নদীর গজারিয়া ঘাট নামক স্থানে পোনামাছ অবমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সম্মানিত সদস্যবৃন্দের আলোচনার প্রেক্ষিতে জলাশয় নির্বাচন ও পোনা মাছ অবমুক্তির তারিখ নির্ধারণ করা যেতে পারে। উপজেলা মৎস্য কর্মকর্তাকে পোনা মাছ অবমুক্তির বিষয়ে কোটেশন করার জন্য অনুরোধ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ উপযোগী জলাভূমি নির্বাচন এবং পোনা সংগ্রহ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১: পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলি ২০১২ অনুযায়ী উপযোগী জলাভূমি নির্বাচন এবং পোনা সংগ্রহ

| ক্রঃনং | পোনা অবমুক্তির নিমিত্ত নির্বাচিত জলাশয়ের নাম | পোনা সংগ্রহের মাধ্যম | মাছের প্রজাতি, আকার ও পোনার আনুপাতিক হার | অবমুক্তির পরিমান (কেজি) | তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১ | ফুলদী নদী | আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক উপজেলা মৎস্য অফিসার কর্তৃক কোটেশন বিজ্ঞপ্তি আহ্বান | রুই, কাতল, মৃগেল (১০-১৫ সেঃমিঃ) কাতলা-৪০% রুই-৩০% মৃগেল-৩০% | কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে সর্বনিম্ন দরহারে নির্ধারিত হবে। | পোনা ক্রয়/সরবরাহ সাপেক্ষে নির্ধারণ করা হবে |
| ০২ | মেঘনা নদীর গজারিয়া ঘাট | | | | |

সিদ্ধান্ত-২: পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলি ২০১২ অনুযায়ী 'পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটি গঠন'

| ক্রঃ নং | নাম/পদবি | বিভাগ/দপ্তর/ঠিকানা | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা মৎস্য অফিসার | উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় | আহ্বায়ক | নির্ধারিত |
| ২ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | সদস্য | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত |
| ৩ | ভেটেরিনারি সার্জন | উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয় | সদস্য | নির্ধারিত |
| ৪ | কৃষি সম্প্রসারণ অফিসার | উপজেলা কৃষি অফিসারের কার্যালয় | সদস্য | নির্ধারিত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | চেয়ারম্যান | ইমামপুর ইউনিয়ন পরিষিদ | সদস্য | নির্ধারিত |
| ৬ | চেয়ারম্যান | গজারিয়া ইউনিয়ন পরিষিদ | সদস্য | নির্ধারিত |
| ৭ | সভাপতি | উপজেলা মৎস্যজীবী সমবায় সমিতি | সদস্য | উপজেলা মৎস্য অফিসার কর্তৃক মনোনীত |
| ৮ | সাধারণ সম্পাদক | উপজেলা মৎস্যজীবী সমবায় সমিতি | সদস্য | উপজেলা মৎস্য অফিসার কর্তৃক মনোনীত |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৯/২২

(জিয়াউল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।
http://fisheries.gazaria.munshiganj.gov.bd

স্মারক নং-৩৩.০২.৫৯২৪.৫০১.৩৬.০০১.২২-২১ তারিখঃ০৭/০৯/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-৩ ও প্রধান উপদেষ্টা, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
২। উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা মৎস্য অফিসার, মুন্সীগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপদেষ্টা, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপদেষ্টা, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপদেষ্টা, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ ও সভাপতি কর্তৃক মনোনীত সদস্য, পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটি।
৮।......................................................, গজারিয়া, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
৯।.............................................................................., গজারিয়া, মুন্সীগঞ্জ ও সদস্য, পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটি।
১০। চেয়ারম্যান, গজারিয়া/ইমামপুর ইউনিয়ন পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও সদস্য, পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটি।
১১। সভাপতি/সাধারন সম্পাদক, মৎস্যজীবী সমবায় সমিতি, গজারিয়া, মুন্সীগঞ্জ ও মনোনীত সদস্য, পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটি।
১২। অফিস কপি।

০৭/০৯/২২

(মোহাঃ রফিকুল আলম)
উপজেলা মৎস্য অফিসার (অ.দা.)
ও
সদস্য সচিব
উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।